

২০/৩/২০০৭

প্রথম আলো

তারিখ: ২০/৩/২০০৭  
কক্ষ: ৩  
সংখ্যা: ১৫



গতকাল রাজধানীর গভঃ ল্যাভরেটরি স্কুলের কৃতী ছাত্রদের সংবর্ধনা দেওয়া হয়—প্রথম আলো

## গভর্নমেন্ট ল্যাভরেটরি স্কুলে সংবর্ধনা কৃতী ছাত্রদের অনেকেই বিশ্ববিদ্যালয়ে গিয়ে রাজনৈতিক ঘূর্ণিপাকে হারিয়ে যায়

### নিজস্ব প্রতিবেদক

মেধাধী ও কৃতী ছাত্ররা এক সময় বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে উচ্চশিক্ষার জন্য ভর্তি হয়। তাদের মধ্যে অনেকেই সেখানে গিয়ে রাজনৈতিক ঘূর্ণিপাকে পড়ে অক্ষম হয়ে হারিয়ে যায়। দ্রুত ক্ষমতা পাওয়ার প্রলোভনে তারা কলম ফেলে হাতে অস্ত্র তুলে নেয় আর রাতারাতি জঙ্গিকার ভগতের বিশাল ক্ষমতার অধিকারী হয়।

গতকাল বৃহস্পতিবার সকালে রাজধানীর গভর্নমেন্ট ল্যাভরেটরি স্কুলে আয়োজিত প্রাথমিক ও জুনিয়র বৃত্তি পরীক্ষা-২০০০-এ বৃত্তিপ্রাপ্ত এবং এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ অর্জনকারী কৃতী ছাত্রদের সংবর্ধনা অনুষ্ঠানে বক্তারা এ কথা বলেন।

এতে প্রধান অতিথি ছিলেন টিচার্স ট্রেনিং কলেজের অধ্যক্ষ রেজিনা সুলতানা। স্কুলের প্রধান শিক্ষক নাসির উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত ওই সংবর্ধনা সভায় বক্তব্য রাখেন টিচার্স ট্রেনিং কলেজের সহযোগী অধ্যাপিকা হাসিনা বানু, স্কুলের সহকারী প্রধান শিক্ষক আবুল হাছনাৎ ফারুক, সহকারী শিক্ষক রাজ্জাকুল হায়দার প্রমুখ।

বক্তারা বলেন, শিক্ষকদের দায়িত্ববোধ লুপ্ত হয়ে যাওয়ায় দেশে শিক্ষার মান অনেকাংশে কমে গেছে। একজন শিক্ষক সততা, সহনশীলতা ও নিষ্ঠার সঙ্গে কাজ করলে প্রত্যেক শিক্ষার্থীকে আদর্শ শিক্ষার্থী

হিসেবে গড়ে তোলা সম্ভব। তারা বলেন, শিক্ষকতা যদি পেশাতে পরিণত না হয়ে নেশায় পরিণত হতো তা হলে শিক্ষকরা প্রত্যেকে আদর্শ শিক্ষক হতেন।

অনুষ্ঠানে চলতি বছর অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত পাঁচজন ছাত্র মোহাম্মদ শামসুল হক, অংশুমান জামান, চৌধুরী মাহবুব আশরাফ, আরাফাত হোসেন খান ও রাশেদুল হাসানকে স্বর্ণপদক দেওয়া হয়। এছাড়া ২০০০ সালে জুনিয়র ট্যালেন্টপুল ও সাধারণ বৃত্তিপ্রাপ্ত শিহাব হাসান চৌধুরী জলকারনায়েন, শামীম সারোয়ার মিলন, সাইফ হোসেন খান মার্ক, রমি চৌধুরী, নালমান চৌধুরী শাওনসহ মোট ১৭ জন কৃতী ছাত্রকে সংবর্ধনা দেওয়া হয়।